

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯০৪

আগরতলা, ২০ ফেব্রুয়ারি, ২০২৪

মাধববাড়ি ট্রাক টার্মিনাল থেকে খয়েরপুর
বাইপাস পর্যন্ত পণ্যবাহী গাড়ি চলাচলে বিধিনিষেধ

মাধববাড়ি ট্রাক টার্মিনাল থেকে খয়েরপুর বাইপাস পর্যন্ত আসাম আগরতলা সড়কে পণ্যবাহী গাড়ি চলাচলের উপর পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। আদেশে বলা হয়েছে মাধববাড়ি ট্রাক টার্মিনাল থেকে খয়েরপুর বাইপাস পর্যন্ত আসাম আগরতলা সড়কে সকাল ৯টা থেকে সকাল ১১টা এবং বিকাল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত সময়ে পণ্যবাহী গাড়ি চলাচল করতে পারবেনা। আজ থেকে এই বিধিনিষেধ বলবৎ হয়েছে। জনস্বার্থে মোটর ভ্যাহিকেল অ্যাক্ট ১৯৮৮'র ১১৫ ও ১১৬ ধারায় এই বিধিনিষেধ আরোপ করা হয়েছে।
